AAJ KAAL (BENGALI)DATED 06-07-2022

**DOLLAR**
WEAR THE CHANGE
50 GLORIOUS YEARS


**ডলার ইন্ডাস্ট্রিজ লিমিটেড (CIN: L17299WB1993PLC058969)**
**রেজিস্টার্ড অফিস:** 'ওম টাওয়ার', ১৫ নং ফ্লোর, ৩২, জে এল নেহরু রোড, কলকাতা-৭০০০৭১
**ফোন নং:** ০৩৩ ২২৮৮ ৪০৬৪-৬৬, **ফ্যাক্স নং:** ০৩৩ ২২৮৮ ৪০৬৩; **ওয়েবসাইট:** www.dollarglobal.in; **ই-মেল:** investors@dollarglobal.in


## সদস্যদের প্রতি বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্সের তরফে জারি করা ৫ মে ২০২২, ৮ এপ্রিল, ২০২০, ১৩ এপ্রিল ২০২০, ৫ মে ২০২০, ১৩ জানুয়ারি ২০২১, ৮ ডিসেম্বর ২০২১ ও ১৪ ডিসেম্বর ২০২১ তারিখ সংবলিত সার্কুলারসমূহ (একত্রিতরূপে 'এমসিএ সার্কুলারসমূহ' হিসেবে উল্লিখিত) এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া দ্বারা জারিকৃত ১২ মে ২০২০, ১৫ জানুয়ারি ২০২১ ও ১৩ মে ২০২২ তারিখ সংবলিত সার্কুলারসমূহ (একত্রিতরূপে 'সেবি সার্কুলারসমূহ' হিসেবে উল্লিখিত) অনুসারে ২০২১-২২ অর্থবর্ষের জন্য কোম্পানির সদস্যদের ২৯তম বার্ষিক সাধারণ সভা ('এজিএম') উক্ত এজিএম আমন্ত্রণকারী বিজ্ঞপ্তিতে নির্ধারিত কার্যাবলি নির্বাহের উদ্দেশ্যে ভিডিও কনফারেন্সিং ('ভিসি') বা অন্যান্য অডিও ভিস্যুয়াল মাধ্যমে ('ওএভিএম') বৃহস্পতিবার ২৮ জুলাই ২০২২ তারিখে সকাল ১১:০০টায় (ভারতীয় প্রমাণ সময়) অনুষ্ঠিত হবে। কোম্পানি এই ভিসি/ওএভিএম এর সুবিধা নিচ্ছে সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল) এর থেকে।

সদস্যরা উক্ত এজিএমে কেবলমাত্র ভিসি/ওএভিএম উপায়ে হাজির থাকতে ও অংশ নিতে পারবেন। অংশগ্রহণ সম্পর্কিত বিশদ নির্দেশাবলি সভার আমন্ত্রণী বিজ্ঞপ্তিতে উল্লেখ করা আছে। কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ এর ১০৩ নং ধারাধীনে ভিসি/ওএভিএম এর মাধ্যমে যোগদানকারী সদস্যদের হাজিরা সভার কোরাম নির্ধারণে গণনা করা হবে।

অনুগ্রহপূর্বক সদস্যরা এই বিষয়গুলি খেয়াল রাখবেন:-

১. কোম্পানির রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) অর্থাৎ, মেসার্স নিশে টেকনোলজিস (প্রাঃ) লিমিটেড বা নিজ নিজ ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট (ডিপিসমূহ) এর কাছে যে সকল সদস্যের ই-মেল আইডি রেজিস্টার করানো আছে, কেবলমাত্র তাঁদের প্রতি ইলেকট্রনিক উপায়ে ২৯তম এজিএম এর বিজ্ঞপ্তি, বার্ষিক প্রতিবেদন এবং অন্যান্য প্রতিবেদন/ নথিপত্র (এজিএম এর নথিপত্র) প্রেরিত হয়েছে। সেবি সার্কুলার অনুযায়ী এজিএম নথিপত্রের কোনও মুদ্রিত বা বাস্তবিক প্রতিলিপি কোনও সদস্যের প্রতি প্রেরণ করা হবে না।

২. এজিএম সম্পর্কিত নথিগুলি কোম্পানির ওয়েবসাইট **www.dollarglobal.in**, সিডিএসএল এর ওয়েবসাইট **www.cdslindia.com**, স্টক এক্সচেঞ্জসমূহ অর্থাৎ, ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেডের **www.nseindia.com** এবং বিএসই লিমিটেডের **www.bseindia.com** ওয়েবসাইটে দেওয়া থাকবে।

৩. সেবি লিস্টিং রেগুলেশনসের রেগুলেশন ৪৪ এবং কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ এর ১০৮ নং ধারা ও এর অধীনে রচিত বিধিসমূহ অনুযায়ী নির্ধারিত কাট-অফ তারিখ অর্থাৎ, বৃহস্পতিবার, ২১ জুলাই ২০২২ এর নিরিখে কোম্পানির যে সকল সদস্য ফিজিক্যাল বা ডিমেটিরিয়ালাইজড ফর্মে শেয়ার ধারণ করছেন, কোম্পানি সেই সকল সদস্যকে সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল) এর তরফে প্রদত্ত ই-ভোটিং সার্ভিসেস ব্যবহার করে এজিএমের বিজ্ঞপ্তিতে নির্ধারিত যাবতীয় আলোচ্য বিষয়ের ওপর ইলেকট্রনিক উপায়ে ভোটদানের সুবিধা দেবে। অনুগ্রহপূর্বক এই বিষয়গুলি খেয়াল রাখবেন:

ক. রিমোট ই-ভোটিংয়ের মেয়াদ শুরু হবে সোমবার, ২৫ জুলাই ২০২২ তারিখে সকাল ৯:০০টায় (ভারতীয় প্রমাণ সময়) এবং শেষ হবে বুধবার, ২৭ জুলাই ২০২২ তারিখে বিকেল ৫:০০টায় (ভারতীয় প্রমাণ সময়)। নির্ধারিত এই সময়সীমার পরে রিমোট ই-ভোটিং মডিউলটি নিষ্ক্রিয় করে দেওয়া হবে এবং উক্ত তারিখ ও সময়ের পরে ইলেকট্রনিক উপায়ে ভোটদানের অনুমতি পাওয়া যাবে না।

খ. কাট-অফ তারিখ: বৃহস্পতিবার, ২১ জুলাই ২০২২

গ. কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ এর ৯১ নং ধারা এবং সেবি (এলওডিআর) রেগুলেশনস, ২০১৫ এর ৪২ নং রেগুলেশন অনুযায়ী এজিএম এবং লভ্যাংশ প্রদানের জন্য সদস্যদের রেজিস্টার শুক্রবার, ২২ জুলাই ২০২২ তারিখ থেকে বৃহস্পতিবার, ২৮ জুলাই ২০২২ তারিখ পর্যন্ত (উভয় তারিখ অন্তর্ভুক্ত করে) বন্ধ রাখা থাকবে।

ঘ. এজিএমের বিজ্ঞপ্তি পাঠানোর পর কোনও ব্যক্তি কোম্পানির শেয়ার অধিগ্রহণ করে কোম্পানির সদস্যে পরিণত হলে এবং নির্ধারিত কাট-অফ তারিখ অর্থাৎ ২১ জুলাই ২০২২ এর নিরিখে কোম্পানির শেয়ার ধারণ করলে আরটিএ এর প্রতি **nichetechpl@nichetechpl.com** আইডি তে অথবা কোম্পানির **investors@dollarglobal.in** আইডি তে অনুরোধপত্র পাঠিয়ে লগ-ইন আইডি এবং সিকোয়েন্স নম্বর সংগ্রহ করে নিতে পারেন।

অবশ্য, যদি কোনও সদস্য ই-ভোটিংয়ের জন্য সিডিএসএলে ইতিমধ্যেই রেজিস্ট্রিকৃত হয়ে থাকেন, সেক্ষেত্রে তিনি তাঁর ভোটদানের জন্য বিদ্যমান ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করতে পারবেন।

ঙ. এজিএমে অংশ নেওয়া যে সকল সদস্য রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করেননি, তাঁরা এজিএম চলাকালীন ই-ভোটিংয়ের মাধ্যমে নিজেদের ভোট দিতে পারবেন। রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করা সদস্যরা এজিএমে অংশ নিতে পারবেন, তবে সভা চলাকালীন তাঁরা পুনরায় ভোট দেওয়ার যোগ্য হবেন না।

চ. ই-ভোটিং সম্পর্কিত কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে কিংবা সমস্যা থাকলে **www.evotingindia.com** ওয়েবসাইটে 'হেল্প' সেকশনের অধীনে ''ফ্রিকোয়েন্টলি আস্কড কোয়েশ্চেনস (এফএকিউ'জ) অ্যান্ড ই-ভোটিং ম্যানুয়াল'' অংশটি দেখতে পারেন অথবা ই-মেলের মাধ্যমে লিখে জানাতে পারেন **helpdesk.evoting@cdslindia.com** আইডি তে অথবা এঁদের সঙ্গে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০২২-২৩০৫ ৮৫৪২।

৪. **ই-মেল রেজিস্টার/আপডেট করার পদ্ধতি:**

- যে সকল সদস্য ডিমেটিরিয়ালাইজড ফর্মে শেয়ার ধরে রেখেছেন এবং যাঁরা নিজেদের ই-মেল আইডি রেজিস্টার করাননি, তাঁরা নিজ নিজ ডিপি'র কাছে নিজের ই-মেল আইডি ও মোবাইল নম্বর রেজিস্টার করিয়ে নিন যাতে ভবিষ্যতে কোম্পানি/আরটিএ বার্ষিক প্রতিবেদন আপনাদের প্রতি প্রেরণ করতে পারে।
- যে সকল সদস্য ফিজিক্যাল ফর্মে শেয়ার ধরে রেখেছেন এবং কোম্পানি/আরটিএর কাছে নিজের ই-মেল আইডি আপডেট করাননি, তাঁরা কোম্পানি/ আরটিএর প্রতি যথাক্রমে investors@dollarglobal.in / nichetechpl@nichetechpl.com ই-মেল আইডি তে মেল পাঠিয়ে/ লিখে জানিয়ে তা আপডেট করার অনুরোধ জানান। আবেদনের সঙ্গে জমা দিতে হবে অনুরোধপত্রের স্ক্যান করানো কপি যেখানে তাঁদের ই-মেল আইডি, মোবাইল নম্বর উল্লেখ করা থাকতে হবে এবং সঙ্গে লাগবে প্যান কার্ডের স্ব-স্বাক্ষরিত প্রতিলিপি, ঠিকানার প্রমাণপত্র এবং শেয়ার সার্টিফিকেটের স্ক্যান করানো প্রতিলিপি। এতে ভবিষ্যতে কোম্পানি/আরটিএ বার্ষিক প্রতিবেদন আপনাদের প্রতি প্রেরণ করতে পারবে।
- ই-মেল আইডি আপডেট করার পরে নির্ধারিত কাট-অফ তারিখের নিরিখে যে সকল সদস্য শেয়ার ধরে রেখেছেন, তাঁরা কোম্পানি/আরটিএ-কে ২০২১-২২ অর্থবর্ষের বার্ষিক প্রতিবেদন পাঠানোর জন্য অনুরোধ জানাতে পারেন।

৫. **ই-ভোটিংয়ের মাধ্যমে ভোটদানের পদ্ধতি:**

- কেবলমাত্র নির্ধারিত কাট-অফ তারিখের নিরিখে সদস্যদের রেজিস্টার বা ডিপোজিটরিদের কাছে সুবিধাভোগী স্বত্বাধিকারীদের তালিকায় যে সকল সদস্যের নাম নথিভুক্ত থাকবে, সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল) এর তরফে প্রদত্ত ই-ভোটিং সার্ভিসেস ব্যবহার করে এই কোম্পানি কেবলমাত্র সেই সকল সদস্যকে এজিএমের বিজ্ঞপ্তিতে নির্ধারিত যাবতীয় আলোচ্য বিষয়ের ওপর রিমোট ই-ভোটিং এবং এজিএম চলাকালীন ই-ভোটিংয়ের সুবিধা দেবে।
- ই-ভোটিংয়ের মাধ্যমে নিজেদের ভোট দেওয়ার জন্য লগ-ইন ক্রেডেনশিয়ালস ওপরে নির্ধারিত উপায়ে সদস্যদের প্রতি তাঁদের রেজিস্টার করানো ই-মেল আইডি তে পাঠানো হবে।
- অংশগ্রহণ এবং ভোটদানের পদ্ধতি সহ ভিসি/ওএভিএম এর মাধ্যমে ২৯তম এজিএমে সদস্যদের অংশগ্রহণের বিশদ নির্দেশিকা এজিএমের বিজ্ঞপ্তিতে উল্লেখ করা আছে।

৬. শেয়ারধারকগণ অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন যে, ২৩ মে ২০২২ তারিখে আয়োজিত সভায় কোম্পানির পরিচালকমণ্ডলী পর্ষদ ১৫০% হারে অর্থাৎ, শেয়ারপ্রতি ₹৩.০০ (প্রতিটির অভিহিত মূল্য ₹২.০০) লভ্যাংশ সুপারিশ করেছেন। সদস্যদের অনুমোদন সাপেক্ষে উক্ত লভ্যাংশ বিবিধ অনলাইন ট্রান্সফারের পদ্ধতি অবলম্বনে নিজেদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট সম্পর্কিত তথ্য আপডেট করিয়ে নেওয়া এবং নির্ধারিত কাট-অফ তারিখ অর্থাৎ, বৃহস্পতিবার, ২১ জুলাই ২০২২ তারিখের ভিত্তিতে সদস্যদের রেজিস্টারে নাম থাকা সদস্যদের প্রতি প্রদান করা হবে।

যে সকল সদস্য এখনও নিজের ব্যাঙ্ক অ্যাকাউন্ট সম্পর্কিত তথ্য আপডেট করাননি, আইনানুযায়ী অনুমোদিতমতো ক্ষেত্রভেদে ডিভিডেন্ড ওয়ারান্ট/ ডিমান্ড ড্রাফ্‌ট/ চেক রূপে তাঁদের প্রাপ্য তাঁদের রেজিস্টার করানো ঠিকানায় ডাক মাধ্যমে প্রেরণ করা হবে।

৭. ইলেকট্রনিক ভোটিং প্রক্রিয়া এবং এজিএমের স্থানে ভোটদানের প্রক্রিয়া সুষ্ঠু ও স্বচ্ছ উপায়ে পরিচালনা নিশ্চিত করার জন্য এই কোম্পানির তরফে স্ক্রুটিনাইজার হিসেবে প্র্যাকটিসরত কোম্পানি সেক্রেটারি মিঃ সন্তোষ কুমার টিবরেওয়ালা কে নিয়োগ করা হয়েছে।

৮. ইলেকট্রনিক উপায়ে লভ্যাংশ প্রাপ্তির জন্য নির্দেশ দেওয়ার পদ্ধতি: ফিজিক্যাল ফর্মে শেয়ার ধরে রাখা যে সকল সদস্যের ব্যাঙ্ক অ্যাকাউন্ট সম্পর্কিত বিশদ তথ্য এখনও কোম্পানির কাছে রেজিস্টার করানো নেই, তাঁরা ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর, ব্যাঙ্কের নাম, ব্রাঞ্চের নাম উল্লেখ করে অনুরোধপত্রের সঙ্গে প্যান কার্ডের স্ব-স্বাক্ষরিত প্রতিলিপি, ঠিকানার প্রমাণপত্র, বাতিল করা চেক ও শেয়ার সার্টিফিকেটের স্ক্যান করানো প্রতিলিপি ই-মেলের মাধ্যমে **investors@dollarglobal.in** বা আরটিএ-র **nichetechpl@nichetechpl.com** আইডি তে পাঠিয়ে দেবেন যাতে তাঁদের প্রাপ্য লভ্যাংশ সুরক্ষিত উপায়ে সরাসরি তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে ক্রেডিট হয়ে যায়।

৯. ডিমেটিরিয়ালাইজড ফর্মে শেয়ার ধরে রাখা সদস্যদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে যাতে তাঁরা নিজ নিজ ডিপি-র কাছে নিজেদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট সম্পর্কিত বিশদ তথ্য আপডেট করিয়ে নেন।

১০. ফিনান্স অ্যাক্ট, ২০২০ দ্বারা সংশোধিত ইনকাম ট্যাক্স অ্যাক্ট, ১৯৬১ অনুযায়ী ১ এপ্রিল ২০২০ তারিখ থেকে শেয়ারধারকদের প্রাপ্য লভ্যাংশ শেয়ারধারকদের হাতেই করযোগ্য। ইনকাম ট্যাক্স অ্যাক্ট, ১৯৬১ অনুযায়ী নিজ নিজ বাসস্থান, প্যান এবং ক্যাটেগরি কোম্পানির প্রতি **investors@dollarglobal.in** আইডি-তে মেল করে জানাতে সদস্যদের প্রতি অনুরোধ করা হচ্ছে। এই অনুরোধ যে সকল শেয়ারহোল্ডার ফিজিক্যাল ফর্মে শেয়ার রেখেছেন এবং ডিম্যাট রূপে ডিপি-র কাছে নথিভুক্ত, তাঁদের সকলের প্রতিই প্রযোজ্য।

১১. ই-ভোটিং সম্পর্কে কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে বা অভিযোগ জানাতে, অনুগ্রহপূর্বক যোগাযোগ করবেন এখানে: মিঃ মলয় বিশ্বাস, রিজিওনাল ম্যানেজার (সিডিএসএল), কলকাতা, ফোন (০৩৩) ২২৮২ ১৩৭৬ অথবা ই-মেল আইডি: **helpdesk.evoting@cdslindia.com** বা **moloyb@cdslindia.com**।

এজিএমের নথিপত্র বা এজিএমে অংশগ্রহণ সম্পর্কিত কোনও জিজ্ঞাস্য থাকলে আমাদের সঙ্গে **investors@dollarglobal.in** ই-মেল আইডি-তে যোগাযোগ করতে পারেন।

ডলার ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর তরফে
স্বাঃ-
অভিষেক মিশ্র
কোম্পানি সেক্রেটারি এবং কমপ্লায়েন্স অফিসার
স্থান: কলকাতা
তারিখ: ০৬.০৭.২০২২